

Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 27 May, 2025

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ছাত্র এবং এফ রহমান হল ছাত্রদলের সাহিত্য ও প্রকাশনা সম্পাদক শাহরিয়ার আলম সাম্য হত্যা মামলার রহস্য উদঘাটন করেছে পুলিশ। একইসঙ্গে এই ঘটনায় আটজনকে গ্রেপ্তার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি)।

মঙ্গলবার (২৭ মে) ডিএমপির মিডিয়া ও পাবলিক রিলেশন্স বিভাগ থেকে গণমাধ্যমে পাঠানো একটি ক্ষুদেবার্তায় এই তথ্য জানানো হয়েছে।

ডিএমপির ডিসি (মিডিয়া) মুহাম্মদ তালেবুর রহমানের পাঠানো ওই ক্ষুদেবার্তায় বলা হয়েছে, মঙ্গলবার বিকেল পৌনে ৫টায় ডিএমপি মিডিয়া সেন্টারে সংবাদ সম্মেলনে এ বিষয়ে বিস্তারিত জানাবেন ডিএমপি কমিশনার শেখ মো. সাজ্জাত আলী।

এর আগে সোমবার (২৬ মে) সাম্য হত্যার অভিযোগে দায়ের করা মামলায় আসামি মো. রিপন দায় স্বীকার করে আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দী দিয়েছেন। অপর দিকে আদালত সোহাগ, হৃদয় ইসলাম ও রবিনের দুই দিন করে রিমান্ড মঞ্জুর এবং সুজন সরকারকে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন।

উল্লেখ্য, গত ১৩ মে রাতে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় শাহরিয়ার আলম সাম্যকে ছুরিকাঘাত করে একদল দুর্বৃত্ত। পরে রক্তাক্ত অবস্থায় রাত ১২টার দিকে সহপাঠীরা তাকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক সাম্যকে মৃত ঘোষণা করেন। এ ঘটনায় ১৪ মে সাম্যের বড় ভাই শরীফুল ইসলাম শাহবাগ থানায় একটি হত্যা মামলা দায়ের করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:27

URL: <https://www.timestodaybd.com/national/7758072998>